জীবননগরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে বেঞ্চ প্রদান

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় অর্ধকোটি টাকা মূল্যের বেঞ্চ বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার সময় জীবননগর উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিকভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রধান শিক্ষকদের মাঝে বেঞ্চগুলো বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সীর (জাইকা) অর্থায়নে ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালনা উন্নয়ন প্রকল্পের অধীনে ৪৭ লাখ ১১ হাজার ৬৫০ টাকা ব্যয়ে উপজেলার ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ে ৬৫০ জোড়া বেঞ্চ বিতরণ করা হয়। বেঞ্চ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি প্রমুখ।

জীবননগরে ভ্রাম্যমান আদালতে দুই প্রতিষ্ঠানে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অভিযান চালিয়ে একটি রেস্তোরাঁর মালিক ও একজন হোমিও চিকিৎসককে ১১ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে জীবননগর হাসপাতাল সড়কে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন জীবননগর উপজেলা

নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আরিফুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, লাইসেন্স না থাকায় হোমিও প্রাকটিসনার অধ্যাদেশ আইন-১৯৮৩ এর ৩৬ ধারায় খাঁন হোমিও হলের চিকিৎসক হাসানুজ্জামান খাঁনকে এক হাজার টাকা জরিমানা করা হয়।

আর বাংলাদেশ হোটেল-রেস্তেরা আইন ২০১৪ এর ১৯ ধারায় ফুড গার্ডেনের মালিক হিমেলকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

জীবননগর উপজেলা শাখা জাসদের কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জাসদ জীবননগর উপজেলা শাখার কর্মী সম্মেলন মঙ্গলবার বিকাল ৪টায় অনুষ্ঠিত হয়। কর্মী সম্মেলনে সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা শাখার সভাপতি মো. আব্দুর রশিদ।

জীবননগর শাপলাকলি মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত কর্মী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাসদ কেন্দ্রীয় স্থায়ী কমিটির সদস্য, বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

প্রধান অতিথি তার বক্তেব্যে বলেন, দুর্নীতি, লুণ্ঠন ও দ্রব্য মূল্যের ঊর্ধ্বগতির ফলে দেশের নিম্ন আয়ের মানুষ আজ দিশেহারা। অনেকেই অর্ধাহারে অনাহারে দিন পার করছেন।

জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির ফলে কিৃষতে ব্যপক প্রভাব পড়েছে। উৎপাদন খরচ বেড়ে গেছে অনেক বেশি। উৎপাদিত ফসল বিক্রি করে কৃষক আসল টাকা পাবেনা বলে আশংকা করছেন।

কৃষক সমাজকে বাঁচাতে অতি দ্রুত জ্বালানি তেলের মূল্য পূন নির্ধারণ করা হোক। আগামী জাতীয় সংসদ নির্বাচন ভোটারদের অংশগ্রহনে অনুষ্ঠিত হওয়ার প্রত্যাশা বাঙালি জাতীর।

অতীতের নির্বাচনের ধারাবাহিকতা আর যেন না হয়। এ লক্ষে গণতন্ত্রের অসাম্প্রদায়িক ও প্রগতিশীল শক্তি ঐক্যবদ্ধ হয়ে একটি জনকল্যাণমূলক

রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামে সকলকে শরিক হওয়ার আহবান জানাচ্ছি।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাসদ চুয়াডাঙ্গা জেলার সাধারণ সম্পাদক শামসুল আলম। বাংলাদেশ জাসদ দামুড়হুদা উপজেলা শাখার সাধারণ সম্পাদক আলমগীর রহমান, জীবননগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, সহ-সভাপতি মো. হযরত আলী, জাসদ নেতা মিলন মল্লিক। শুভেচ্ছা বক্তব্য রাখেন কমিউনিস্ট পাটির জীবননগর শাখার সাধারণ সম্পাদক রাজেদুল ইসলাম।

সভার শুরুতে শোক প্রস্তাব পাঠ করেন নাজমুল ইসলাম মন্টু। সভার সঞ্চালক ছিলেন সম্মেলন প্রস্তুতি কমিটির যুগ্ম আহবায়ক হারুন অর রশিদ।

কর্মী সম্মেলনে আব্দুর রশিদকে সভাপতি তারিকুর রহমানকে সাধারণ সম্পাদক ও নাজমুল ইসলাম মন্টুকে সাংগঠনিক সম্পাদক করে ২৯ সদস্যের জীবননগর উপজেলা কমিটি ঘোষণা করা হয়।

জীবননগরে ভোক্তা অধিকারের অভিযানে তিন প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অধিক মূল্যে চাল বিক্রি করায় একটি পাইকারি আড়তে এবং যথাযথভাবে মূল্যতালিকা প্রদর্শন না করায় দু’টি অটোরাইচ মিলে জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার বিকেল সাড়ে ৩টার সময় জীবননগর উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে ওই তিন প্রতিষ্ঠানকে ১ লাখ ৭০ হাজার টাকা জরিমানা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

অভিযান সূত্রে জানা গেছে, জীবননগর পৌর শহরের মেসার্স একতা ট্রেডার্স নামক চালের পাইকারি আড়তে অভিযান চালানো হয়। এ সময় চালের ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ না করা এবং অতিরিক্ত মূল্যে

চাল বিক্রির প্রমাণ পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ অনুযায়ী ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরদিকে মেসার্স দেশ বাংলা অটোরাইচ মিলে পুর্বে সতর্ক করা সত্ত্বেও প্লাস্টিকের বস্তায় ভারতীয় ব্র্যান্ড নকল করে চাল বাজারজাত করণ এবং যথাযথভাবে মুল্যতালিকা প্রদর্শন না করায় ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া একই অপরাধে মেসার্স সততা অটোরাইচ মিলকে ৭০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জীবননগর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো. আনিসুর রহমান এবং জীবননগর থানা পুলিশের একটি দল।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

জীবননগর সীমান্ত ইউনিয়ন আ.লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে সীমান্ত ইউনিয়নের যাদুবপুর সরকারি প্রাথামিক বিদ্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মালেক মোল্লার সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস

সালাম ইসা, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

সভায় বক্তারা এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করায় সংসদ সদস্য আলী আজগার টগরের প্রশাংসা করেন। তাঁরা এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের দাবি জানান।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য আলী আজগার টগর বলেন, এলাকার বেহাল সড়কগুলো সংস্কারের জন্য কথা দেন।এবং তিনি আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড এলাকার সাধারন জনগনের মধ্যে তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন সীমান্ত ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সেকেন্দার আলী।

জীবননগর উপজেলা পরিষদ জামে মসজিদের পুনঃনির্মাণ কাজের উদ্বোধন

৭৫ লাখ টাকা ব্যয়ে জীবননগর উপজেলা পরিষদ জামে মসজিদের পুনঃনির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে প্রধান অতিথি হিসেবে এই নির্মাণকাজের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল,, জীবননগর থনার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক প্রমুখ।

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে জীবননগর উপজেলা পরিষদের সভা কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে এ সময় মাসিক সাধারন সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় আরো উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, জীবননগর থনার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক প্রমুখ।

সভায় অতিথিরা জীবননগর উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নসহ বিভিন্ন বিষয় আলোচনা করেন।

জীবননগর ৩ শতাধীক মানুষকে ফ্রি চিকিৎসা প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে জীবননগরে ইন্দো-বাংলা চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে প্রধান অতিথি হিসেবে জীবননগর পৌরসভা প্রাঙ্গণে এই

চিকিৎসা শিবিরের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

কলকাতার রুবি জেনারেল হাসপাতালের সহযোগিতায় চিকিৎসা দেন ভারত থেকে আগত মেডিসিন, অর্থোপেডিক, গাইনি, কিডনি ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. দীপাঞ্জন ভদ্র, কুমার ব্যানার্জি, আমরিতাক্ষয়, তন্ময় মাঝি, আয়ান মুখোপাধ্যায়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে এবং জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর পৌরসভার মেয়র মো. রফিকুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি মুন্সি নাসির উদ্দিন প্রমুখ।

জীবননগরে ৬১ টি ভূমিহীন পরিবার পেল জমি ও ঘর

মুজিব শতবর্ষ উপলক্ষে ৩য় পর্যায়ে-২য় ধাপে চুয়াডাঙ্গা-জীবননগর উপজেলার ৬১টি ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে জমিসহ ঘরের চাবি হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে উপজেলার ৬১টি ভূমিহীন ও গৃহহীন পরিবারের সদস্যদের হাতে ঘরের চাবি ও জমির দলিল তুলে দেওয়া হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট আরাফাত

রহমান, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু,রায়পুর ইউপি চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ,আন্দুলবাড়িয়া ইউপি সদস্য শেখ শফিকুল ইসলাম মোক্তার প্রমুখ।

জীবননগরে ভৈরব নদে অবৈধ বালু উত্তোলন বন্ধ করলো প্রশাসন

জীবননগর উপজেলার কুলতলা কাশিপুর গ্রামবাসীর অভিযোগের ভিত্তিতে ভৈরব নদ থেকে অবৈধ ভাবে বালু উত্তোলন বন্ধ করলেন জীবননগর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির ।

সোমবার জীবননগর থানা পুলিশের সহযোগিতায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ঘটনা স্থান পরিদর্শন করে বালু উত্তোলনের পাইপ কেটে দেন এবং বালি উত্তোলনের সরঞ্জাম নষ্ট করে দেন।

সহকারি কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির বলেন, সরকার দেশের বিভিন্ন মরা নদী র্পূণখননের জন্য ব্যবস্থা গ্রহন করেছে তারই ধারাবাহিকতায় জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের কুলতলা গ্রামের পাশে ভৈরব নদটি খননের জন্য কাজ চলছে।

স্থানীয়রা অভিযোগ করে বলেন, একটি চক্র বালু উত্তোলন করছে সেই অভিযোগের ভিক্তিত্বে আমরা ঘটনা স্থানে গেলে বালু উত্তোলন চক্রের সদস্যরা সেখান থেকে পালিয়ে যায়। এ সময় বালু উত্তোলনের পাইপগুলো কেটে দেওয়া হয়। নাম প্রকাশে অনইচ্ছুক বেশ কিছু ব্যাক্তি অভিযোগ করে বলেন, এই নদী থেকে যারা বালু উত্তোলন করছে তারা অনেক সংঘবদ্ধ এবং অত্যান্ত ক্ষমতাশীল ব্যাক্তি এই এলাকায় তিনটি স্থানে স্থানীয় বেশ কিছু নেতাদের ম্যানেজ করে তারা বালু উত্তোলন করছে। যার কারনে এলাকার মানুষ কোন প্রতিবাদ করতে পারছে না ।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম বলেন, কোন ব্যাক্তি অবৈধ ভাবে বালু উত্তোলন করতে পারবে না । যদি এ ধরনের কোন অভিযোগ পাওয়া যায় তাহলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।